

শাহজালাল বিমানবন্দরে নতুন পরিচালক

- A Monitor Desk Report

Date: 08 April, 2025



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালকের দায়িত্ব পেলেন গ্রুপ ক্যাপ্টেন এসএম রাগিব সামাদ।

সোমবার (৭ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-১ শাখা থেকে এ সংক্রান্ত বদলি আদেশ জারি করা হয়েছে। রাষ্ট্রপতির আদেশক্রমে এ আদেশে সই করেন যুগ্ম সচিব আবুল হায়াত মো. রফিক।

আদেশে আগের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন কামরুল ইসলামকে বদলি করে সশস্ত্র বাহিনী বিভাগে ন্যস্ত করা হয়েছে।

এদিকে একই আদেশে বেবিচকের সদস্য এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট এয়ার কমোডর জিয়াউল হককেও সশস্ত্র বাহিনী বিভাগে ন্যস্ত করে তার স্থলাভিষিক্ত করা হয়েছে গ্রুপ ক্যাপ্টেন নূর-ই-আলমকে।

এছাড়া বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পরিচালক প্রকৌশল অ্যান্ড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট এয়ার কমোডর মনিরুল ইসলামকে সশস্ত্র বাহিনী বিভাগে ন্যস্ত করে তার স্থলাভিষিক্ত করা হয়েছে গ্রুপ ক্যাপ্টেন মঞ্জুর-ই-আলমকে।

-B